দৈনিক ইত্তেফাক

তারিখ 19-[illegible]-2015

# উল্লাপাড়ায় আনন্দ স্কুলে উপবৃত্তির টাকা আত্মসাৎ!

■ উল্লাপাড়া (সিরাজগঞ্জ) সংবাদদাতা

শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগে রবিবার উল্লাপাড়া, পূর্ণিমাগাতী ও কয়ড়া ইউনিয়নের ১১টি স্কুলের উপবৃত্তি বন্ধ করে দেয়া হয়। পরে শিক্ষার্থীরা এ সংক্রান্ত একটি লিখিত অভিযোগপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেয়। স্থানীয় অভিভাবক ও আনন্দ স্কুলের শিক্ষার্থীরা অভিযোগ করেন, উপজেলার কয়ড়া বাজার সংলগ্ন ফারুক হোসেনের বাড়িতে দু'টি ইউনিয়নের ১১টি স্কুলের ১৩৯ জন শিক্ষার্থীকে ১,৬০০ টাকা করে উপবৃত্তি দেয়া হচ্ছিল।

শিক্ষার্থীদের হাতে টাকা তুলে দেয়ার পর সংশ্লিষ্ট স্কুলের শিক্ষকরা পরীক্ষার ফি ও অন্যান্য খরচের কথা বলে তাদের নিকট থেকে আবার ১ হাজার করে টাকা নিয়ে নেন।

অভিযুক্ত শিক্ষক সুফিয়া খাতুন জানান, শিক্ষার্থীদের মডেল টেস্টসহ বছরে ৬টি পরীক্ষা গ্রহণ, তাদেরকে পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া এবং ডি আর প্রস্তুতকরণের খরচ হিসাবে উপবৃত্তি থেকে ১ হাজার টাকা করে কেটে নেয়া হচ্ছিল।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম আলমের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, এ ব্যাপারে অবিলম্বে তদন্ত কমিটি গঠন করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে।